



বাংলাদেশ পঞ্জী উন্নয়ন বোর্ড

“পঞ্জী ভবন”

৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

Website : www.brdb.gov.bd

আইন উপদেষ্টা এবং প্যানেল আইনবিদ নিয়োগ বিজ্ঞপ্তি

মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ/আগীল বিভাগসহ নিয়মাদালতসমূহে বাংলাদেশ পঞ্জী উন্নয়ন বোর্ড এর চলমান মামলাসমূহ পরিচালনা করার জন্য রিটেইনার ভিত্তিতে অভিজ্ঞতাসম্পন্ন ব্যারিস্টার/এডভোকেটগণের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাইতেছে।

০১। শিক্ষাগত যোগ্যতা:

এল এল বি/এল এল বি (অনার্স)/এল এল এম/ব্যারিস্টার এট-ল। প্রার্থীর ব্যারিস্টার/ডক্টরেট ডিগ্রী অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

০২। অভিজ্ঞতা:

দেওয়ানী, ফৌজদারীসহ সকল প্রকার মামলা পরিচালনার ক্ষেত্রে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। তবে, তন্মধ্যে মহামান্য হাইকোর্ট বিভাগে মামলা পরিচালনার ক্ষেত্রে ০৪ (চার) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। তবে মহামান্য সুপ্রীম কোর্টের আগীল বিভাগের সনদপ্রাপ্ত আইনজীবীগণকে অগ্রাধীকার দেওয়া হবে। তাছাড়া অবসরপ্রাপ্ত জেলা জজগণও আবেদন করতে পারবেন।

বয়সঃ আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখে অনুর্ধ্ব ৬০ (ষাট) বছর।

০৩। অন্যান্য শর্তাবলী:

ক) প্রার্থীকে বাংলাদেশের নাগরিক হতে হবে।

খ) প্রার্থীকে অবশ্যই নিয়ম আদালত (জজ কোর্ট) এবং মহামান্য সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগের সনদপ্রাপ্ত হতে হবে। তবে মহামান্য সুপ্রীমকোর্টের আগীল বিভাগের সনদপ্রাপ্তদের অগ্রাধিকার দেওয়া হবে।

গ) প্রার্থী বিআরডিবি'র স্বার্থ পরিপন্থী/প্রতিদ্বন্দ্বী সরকারি বা বেসরকারি কোন সংস্থা/ব্যক্তির আইন উপদেষ্টা/ আইনজীবী হিসাবে নিয়োজিত থাকতে পারবেন না।

ঘ) প্রার্থীকে অবশ্যই সুস্থান্ত্রের অধিকারী হতে হবে এবং সংস্থার প্রয়োজনে স্ব স্ব স্থানের বাইরে ভ্রমণ/পরিদর্শনে যেতে হবে।

ঙ) সাম্প্রতিককালের তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবিসহ শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

চ) প্রার্থীকে প্রাথমিকভাবে ২ (দুই) বছরের জন্য রিটেইনার ভিত্তিতে নিয়োগ প্রদান করা হবে। তবে, কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে পুনঃ নিয়োগ দেওয়া বা কার্যকালের মেয়াদ বৃদ্ধি করা যেতে পারে।

ছ) নির্বাচিত প্যানেলভূক্ত আইন উপদেষ্টাগণ বিভিন্ন মামলা পরিচালনার জন্য বিআরডিবি কর্তৃক নির্ধারিত এবং প্রদেয় হার অনুযায়ী ক্ষেত্রে পাবেন।

জ) বিভিন্ন মামলা পরিচালনার জন্য বিআরডিবি কর্তৃক নির্ধারিত এবং প্রদেয় ফি'র হার বাড়ানো/কমানো সম্পূর্ণরূপে বিআরডিবি কর্তৃপক্ষের এখতিয়ারে থাকবে।

ঝ) আবেদনপত্র গ্রহণ, বাছাই, এবং নিয়োগের ক্ষেত্রে কারণ দর্শনো ব্যাতিরেকে বাংলাদেশ পঞ্জী উন্নয়ন বোর্ড কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিজ্ঞপ্তির আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

আগ্রহী প্রার্থীগণকে ১৫/০৫/২০১৯ ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ের মধ্যে মহাপরিচালক, বিআরডিবি, পঞ্জী ভবন, ৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫ ঠিকানা বরাবর আবেদনপত্র পৌছাতে হবে। আবেদনপত্রের সাথে ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, অভিজ্ঞতা, বার কাউন্সিলের সনদপত্র, মহামান্য সুপ্রীম কোর্টের আগীল বিভাগের সনদ (যদি থাকে) ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করতে হবে। আবেদনপত্রে কোন ভূল তথ্য পরিবেশন করলে অথবা চাহিদাকৃত কাগজপত্র সঠিক ও সম্পূর্ণরূপে সংযোজন করা না হলে অথবা নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত দরখাস্ত বাতিল বলে বিবেচিত হবে।

পরিচালক (প্রশাসন)
বিআরডিবি